

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৫ জানুয়ারি, ২০১৬ তারিখ বিকেল ২:৩০ ঘটিকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ‘তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩)’ বাস্তবায়নের জন্য ^{এক} বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে ১০০ (চারশত) মিলিয়ন ইউ.এস. ডলার অতিরিক্ত অর্থায়নের Global Partnership for Education (GPE) Trust Fund হতে প্রতিশুত একটি অনুদান চুক্তি শেরে বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। Education Sector Program Implementation Grant এর অনুকূলে ১০০ মিলিয়ন মার্কিন ডলার অনুদান হিসেবে প্রদানের বিষয়টি GPE এর Board of Director's এর সভায় অনুমোদিত হয়েছে।

এ অনুদানের অর্থ বিশ্বব্যাংকের তত্ত্বাবধানে প্রাথমিক বিদ্যালয় গমনোপযোগী সকল ছেলেমেয়েকে (ক) শিক্ষার ক্ষেত্রে সামাজিক বৈষম্য দূরীকরণ, (খ) প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি এবং পাঁচ বছর মেয়াদি প্রাথমিক শিক্ষা সম্প্লাকরণ, শিক্ষার্থীদের সার্বিক গুণগত মানোন্নয়ন এবং (গ) প্রাথমিক শিক্ষায় সম্পদের সর্বোত্তম ব্যবহারের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবহৃত হবে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আয়ম এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের ভারপ্রাপ্ত কান্ট্রি ডাইরেক্টর মিজ ইফ্ফাত শরিফ, উক্ত অনুদান চুক্তিতে স্বাক্ষর করেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধিসহ বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রকল্পটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ২০১১ থেকে ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হবে।